গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২৪.৫৭

তারিখ: ৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ হতে উদ্ভূত আপীল মামলা নং-৯৯/২০১৪ এর আদেশ এবং কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ বহাল এর প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১. মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম-৩৮-ম/২০১৫/১৩৪৮৪, তারিখ: ২৮.১২.২০১৫
২. শিক্ষা মন্ত্রণালয়ের পত্র সংখ্যা-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৮.১৪.১৪৬, তারিখ:০৪.০৩.২০১৫
৩. শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-৪৬, তারিখ: ২৮.০১.২০১৬
৪. শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-৩৪৬, তারিখ: ২৪.০৯.২০১৯
৫. শিম/আইনসেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯-০২, তারিখ: ০৫.০১.২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সারাদেশে বেসরকারি বি.এড পরিচালনা সংক্রান্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১৫/০৫/২০০৮ তারিখে একটি পরিপত্র জারি করা হয়। উক্ত পরিপত্রের কার্যকারিতার উপর মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৫০৩৮/২০০৯ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পরিপত্র বাতিল করে রায় প্রদান করেন মর্মে জানিয়েছেন। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল নং-৯৯/২০১৪ এবং পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ দায়ের হয়। মামলার রায় ও আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা (যুগ্মসচিব) ড়া: মো. ফারুক হোসেন স্বাক্ষরিত গত ২৮/০১/২০১৬ ইং তারিখের রীট পিটিশনারদের পক্ষের ২৩টি কলেজের বি.এড সনদ সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা দেওয়া হয়। সে মোতাবেক এই ২৩টি কলেজ হতে পাসকৃত শিক্ষার্থীদের বি.এড সনদের বিপরীতে বি.এড স্কেল প্রদান করা হচ্ছে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ রায়ের আদেশ এবং কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ বহালের পরিপ্রেক্ষিতে সুনির্দিষ্ট নির্দেশনার মাধ্যমে সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ রায়ের পূর্বে পিটিশনারদের ২৩টি কলেজ হতে বি.এড ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীদের বি.এড স্কেল প্রদান করে আসছে। এক্ষণে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ নিস্পত্তির আদেশের প্রেক্ষিতে এবং কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ বহালের পরিপ্রেক্ষিতে সুনির্দিষ্ট নির্দেশনার মাধ্যমে ২৩টি কলেজের নামের তালিকা প্রকাশপূর্বক পূর্বের ন্যায় পত্র জারি করা প্রয়োজন। অন্যথায় ১৫.০৫.২০১৮ তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা পত্রের প্রেক্ষিতে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল মামলা নং-৯৯/২০১৪ আদেশ উপেক্ষা করে বেসরকারি ২৩টি বি.এড কলেজ ছাড়াও বেসরকারি অন্যান্য কলেজের Certificate-এর বৈধতা নিয়ে বিল প্রদান করে সরকারি কোষাগারের অর্থ তছরুপ করা হচ্ছে। ফলে প্রতিষ্ঠান পরিচলনা করতে গিয়ে জটিল পরিস্থিতি সৃষ্টি হচ্ছে।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ হতে উদ্ভূত আপীল নং-৯৯/২০১৪ এবং উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ এর রায়ের নির্দেশনার প্রেক্ষিতে সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি ২৩টি বি.এড কলেজের অর্জিত সনদধারী শিক্ষকগণের বি.এড স্কেল প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের গত ২৮.০১.২০১৬ তারিখে শিম/আইন সেল(রীট)-৬/সাতক্ষীরা/২০০৯/৪৬ নং স্মারকে জারীকৃত পত্রটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-০১-২০২৫
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব
৫৫১০১১৬৯
law.section1@shed.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২৪.৫৭/১ (৬)

তারিখ: ৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)..................................................অঞ্চল।
৪। জেলা শিক্ষা অফিসার, (সকল)...................................জেলা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২১-০১-২০২৫
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ মামলায় বাদীগণের প্রতিষ্ঠানের নামের তালিকা

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ০১ | হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা। |
| ০২ | পিরোজপুর টিচার্স ট্রেনিং কলেজ, পিরোজপুর। |
| ০৩ | বগুড়া বি.এড কলেজ, বগুড়া। |
| ০৪ | জয়পুরহাট বি.এড কলেজ, জয়পুরহাট। |
| ০৫ | পরশপাথর শিক্ষক প্রশিক্ষণ কলেজ, বন্দর, চট্টগ্রাম। |
| ০৬ | দক্ষিণবঙ্গ টিচার্স ট্রেনিং কলেজ, বন্দর, পটুয়াখালী। |
| ০৭ | কলেজ অব এডুকেশন বি.এড, নর্থ আমাতনগঞ্জ, বরিশাল। |
| ০৮ | কুমিল্লা এডুকেশন রিসার্চ সেন্টার, দক্ষিণ ঠাকুরপাড়া, লাকসার রোড, কুমিল্লা। |
| ০৯ | সিটি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম। |
| ১০ | ন্যাশনাল টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম। |
| ১১ | হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশন, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ১২ | কলেজ অব এডুকেশন রিসার্চ এন্ড ট্রেনিং, বিজয়নগর, |
| ১৩ | আমিরুল ইসলাম কাগজী টিচার্স ট্রেনিং কলেজ, পাইকগাছা, খুলনা। |
| ১৪ | মহানগর টিচার্স ট্রেনিং কলেজ, ১৮৬/এ, নিউ পল্টন লাইন, আজিমপুর, ঢাকা। |
| ১৫ | মুন্সী মেহেরউল্লাহ টিচার্স ট্রেনিং কলেজ, ২৫৩, বিমানবন্দর সড়ক, যশোর। |
| ১৬ | মাগুরা টিচার্স ট্রেনিং কলেজ, মাগুরা সদর, এডি একাডেমি, মাগুরা। |
| ১৭ | যশোর টিচার্স ট্রেনিং কলেজ, পালবাড়ি, মুর্তির মোড়, যশোর। |
| ১৮ | উপশহর টিচার্স ট্রেনিং কলেজ, পালবাড়ী, যশোর। |
| ১৯ | সরোয়ার খান টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা। |
| ২০ | মঠবাড়িয়া টিচার্স ট্রেনিং কলেজ, পিরোজপুর। |
| ২১ | কক্সবাজার টিচার্স ট্রেনিং কলেজ, চৌধুরীপাড়া লিংক, কক্সবাজার। |
| ২২ | সেকান্দার টিচার্স ট্রেনিং কলেজ, মতলব, চাঁদপুর। |
| ২৩ | ডঃ মিয়া আব্বাস উদ্দীন টিচার্স ট্রেনিং কলেজ, বাগেরহাট। |

২৫/১০/১৫
ড. মোঃ ফারুক হোসেন
আইন কর্মকর্তা (যুগ্ম-সচিব)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আব্দুল কুদ্দুস
প্রশাসনিক কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.০৪০.২০২১-২১৩ তারিখ : ০৪.০২.২০২৫খ্রি.

উপরোল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২৪.৫৭; তারিখ: ২১/০১/২০২৫ মোতাবেক রীট পিটিশন নং- ৫০৩৮/২০০৯ হতে উদ্ভূত আপীল মামলা নং- ৯৯/২০১৪ এর আদেশ এবং কনটেম্পট পিটিশন নং- ১৫৩/২০১৪ বহাল এর প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

04/02/2025
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
[দৃ: আ: সহকারী সচিব (আইন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
০৪। উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
০৬। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৭। জেলা শিক্ষা অফিসার (সকল);
০৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৯। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি..................................................;
১০। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,..................................................................;
১১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১২। সংরক্ষণ নথি।